

ঢাকা ওয়াসা

০১। ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

০২। প্রাক্কলন

বিষয়: মডস জোন-৯ এর উত্তরা-১ পাম্প কম্পাউন্ড ও পুরাতন অফিস কম্পাউন্ডের ড্রেনেজ লাইন পরিষ্কার করণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৯ ঢাকা ওয়াসার একটি জন গুরুত্বপূর্ণ স্থাপনা। এটি ঢাকা মহানগরীর উত্তরা সুবিশাল অংশের জনগোষ্ঠীর পানি সরবরাহ করণ কাজে নিয়োজিত রয়েছে। মডস জোন-৯ এর পুরাতন অফিস (বাসা-৩০, রোড-৭, সেক্টর-৩) এ অভিযোগ কেন্দ্র থাকায় পানি সংক্রান্ত অভিযোগ, পানির গাড়ী দিয়ে পানি নেওয়ার জন্য সম্মানিত গ্রাহকগণ মডস জোন-৯ এর পুরাতন অফিসে যাতায়াত করেন। উক্ত অফিস কম্পাউন্ডে পানির গাড়ী হাইড্রেন্টের মাধ্যমে পানি লোড করার সময় অতিরিক্ত পানি পড়ে অফিস কম্পাউন্ডে জলাবদ্ধতার সৃষ্টি হয়। দীর্ঘদিন ড্রেনেজ লাইন পরিষ্কার না করার ফলে ড্রেনেজ লাইন জ্যামসহ অফিস কম্পাউন্ডের পানি নিষ্কাশন ব্যবস্থা বিঘ্নিত হচ্ছে। ড্রেনেজ লাইন জ্যামের ফলে সূর্যার পিট ওভার-ফ্লো হয়ে ফুটপাথ গড়িয়ে ময়লা পানি জমে থাকে। ফলে পথচারী ও যাতায়াতকারীদের চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। মডস জোন-৯ এর পুরাতন অফিস কম্পাউন্ড ও ড্রেনেজ লাইন জরুরী পরিষ্কার করা প্রয়োজন। উক্ত কাজটি করার জন্য দক্ষ লেবার ও প্রয়োজনীয় মালামালসহ বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে টাকার পরিমাণ দাড়িয়েছে ২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত মাত্র) টাকা। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৯ এর ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার Water Pump Maintenance খাতের A1(28) হতে নির্বাহ করা যেতে পারে।

০২। এমতাবস্থায়, মডস জোন-৯ এর উত্তরা-১ পাম্প কম্পাউন্ড ও পুরাতন অফিস কম্পাউন্ডের ড্রেনেজ লাইন পরিষ্কার করণ কাজ বাবদ উত্থাপিত ২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত মাত্র) টাকা মাত্র এর প্রাক্কলনটি পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি অনুযায়ী অস্থায়ী অগ্রীম হিসাবে অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক দেওয়া যেতে পারে। উল্লেখ্য কাজ শেষে ভাউচারের মাধ্যমে প্রকৃত ব্যয় সমন্বয় করা হবে।

২৫-০৮-২৫
মোঃ মনিরুজ্জামান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৯, ঢাকা ওয়াসা

২৫-০৮-২৫
মোঃ নাজমুল হুসাইন
সহকারী প্রকৌশলী (চঃপঃ)
মডস জোন-৯
ঢাকা ওয়াসা

২৩/০৮/২৫
মোঃ ইয়ার খান
নির্বাহী প্রকৌশলী
মডস জোন ৯, ঢাকা ওয়াসা।

২৪/০৯/২৫
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

২৪/০৯/২৫
প্রকৌশলী মোঃ আব্দুল সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা